# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Minor/Cor 2nd Semester Examination, 2024

## BNGMIN202T/BNGCOR202T-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*দক্ষিণ প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০) — ১০× ৪ = ৪০

**একক - ১**

(ক) ভারতীয় আর্যভাষার প্রতিটি যুগের কালগত সীমা ও সাহিত্যিক নিদর্শন উল্লেখ করো। প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো। — ২+২+৬

**অথবা**

(খ) আদি-মধ্য যুগের বাংলা ভাষার লক্ষণগুলি সংক্ষেপে বিবৃত করো। — ১০

**একক – ২**

(গ) ভাষা ও উপভাষার মধ্যে সম্পর্ক নির্ণয় করো। রাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য সম্পর্কে লেখো। — ৩+৭

**অথবা**

(ঘ) ঝাড়খণ্ডী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে প্রচলিত ? এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। — ২+৪+৪

**একক – ৩**

(ঙ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণসহ ব্যাখ্যা করো। — ১০

**অথবা**

(চ) শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। — ১০

**একক – ৪**

(ছ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার গুরুত্ব উদাহরণ সহযোগে ব্যাখ্যা করো। — ১০

**অথবা**

(জ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করোঃ — ১০

'কর্ম-অনুসারে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত হওয়া সমাজের স্বভাব। সে ভাগ থাকবে, কিন্তু চলে যাবে বিশেষ বিশেষ অধিকারগুলি। সামাজিক জীবনে আমি বিশেষ এক ধরণের কাজ করতে পারি, তুমি অন্য ধরণের কাজ করতে পারো। তুমি না হয় দেশশাসন করো, আমি না হয় জুতো সারি। কিন্তু তাই বলে তুমি আমার চেয়ে বড় হতে পারো না, আমার মাথায় পা দিতে পারো না। তুমি খুন ক'রে প্রশংসা পাবে আর একটা আম চুরি করলে আমাকে ফাঁসি যেতে হবে — এমন হতে পারে না।' —স্বামী বিবেকানন্দ

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৫×২ = ১০

(ক) প্রাচীন বাংলা ভাষার সময়কাল, নিদর্শন ও যে-কোনো দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। — ১+২+২

(খ) কামরূপী উপভাষা সম্পর্কে সংক্ষেপে লেখো। — ৫

(গ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***দুটি***) — ২.৫+২.৫
স্বরাগম, নাসিক্যীভবন, অপিনিহিতি, সমাক্ষর লোপ।

(ঘ) আধুনিক রোমীয় লিপির ব্যবহার কেন সুবিধাজনক তা বুঝিয়ে দাও। — ৫

——×——